দৈনিক
ইত্তেফাক

তারিখ 06 JUL 2010
পৃষ্ঠা ৩ কলাম ২

# উন্নত তথ্য প্রযুক্তি সমৃদ্ধ ডিজিটাল বিশ্ববিদ্যালয় হচ্ছে গাজীপুরে

■ নিজামুল হক

আধুনিক তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে দেশে ডিজিটাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে সরকার। ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ের ধারণাপত্র তৈরির জন্য ১১ সদস্যের একটি কমিটিও গঠন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, ধারণাপত্র তৈরির কাজ দ্রুততর সময়ে করার জন্য কমিটির সদস্যদের অনুরোধ করা হবে। বিশ্ববিদ্যালয়ে থাকবে আধুনিক সব তথ্য প্রযুক্তির ব্যবহার। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় দেশের কম্পিউটার বিশেষজ্ঞদের মতামত নেয়া হবে। বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত নাম দেয়া হয়েছে বাংলাদেশ ডিজিটাল বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য মো: আব্দুল হাকিমকে প্রধান করে এ কমিটি গঠন করা হয়েছে।

কমিটির অন্যান্য সদস্য হলেন, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক জাফর ইকবাল, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স বিভাগের প্রধান, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক, শিক্ষামন্ত্রণালয়ের যুগ্মসচিব, নর্থ সাউথ ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সাইন্স বিভাগের চেয়ারম্যান এই কমিটির সদস্য হিসাবে রয়েছেন। কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের উপ-সচিব।

মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন একজন কর্মকর্তা জানান, প্রধানমন্ত্রী গাজীপুরে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ইচ্ছা পোষণ করেছেন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য মো: আব্দুল হাকিম ইত্তেফাককে বলেন, দেশের কম্পিউটার ও আইসিটি বিশেষজ্ঞদের নিয়ে ধারণাপত্র তৈরি করা হবে।

ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, জাহাঙ্গীরনগর, ইসলামী, খুলনা, জগন্নাথ, জাতীয়, বাংলাদেশ উন্মুক্ত, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম, কুমিল্লা, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়- এই ১৩টি সাধারণ বিশ্ববিদ্যালয় রয়েছে দেশে। অপরপক্ষে বাংলাদেশ কৃষি, বাংলাদেশ প্রকৌশল, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি, হাজী মোহাম্মদ দানেশ, মাওলানা ভাসানী, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি, শেরেবাংলা কৃষি, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস এবং সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞান বিষয় পড়ানো হয়। এর মধ্যে বাংলাদেশ প্রকৌশল, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি, , চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোতে তথ্য প্রযুক্তির ছোঁয়া থাকলেও উন্নত বিশ্বের চেয়ে অনেক পিছিয়ে আছে। ঐ বিবেচনায় উন্নত বিশ্বের তথ্য প্রযুক্তির আদলে দেশে ডিজিটাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রয়োজন রয়েছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।